



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ফি ও চার্জ অনলাইনে সম্পন্ন করতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাথে সোনালী ব্যাংকের চুক্তিসাক্ষর

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাথে সোনালী ব্যাংক পিএলসির অনলাইন সেবার মাধ্যমে শিক্ষার্থীদের ফি ও চার্জ কালেকশনের লক্ষে চুক্তিসাক্ষর সম্পাদিত হয়েছে। ১ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাস মিলনায়তনে এই চুক্তিসাক্ষর অনুষ্ঠানটি সম্পন্ন হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে চুক্তিসাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনালী ব্যাংক পিএলসির সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মোঃ আফজাল করিম। অনুষ্ঠানের সভাপতি ও প্রধান অতিথির উপস্থিতিতে চুক্তিসাক্ষরপত্রে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড.মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং সোনালী ব্যাংকের পক্ষে সোনালী ব্যাংকের বরিশাল অফিসের জেনারেল ম্যানেজার গোপাল চন্দ্র গোলদার সাক্ষর করেন। এই চুক্তিসাক্ষরের ফলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশের যে কোন প্রান্ত থেকে অনলাইনের মাধ্যমে তাদের ফি ও সকল ধরনের চার্জ প্রদান করতে পারবেন। চুক্তিসাক্ষর অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশেষ অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড.মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, সোনালী ব্যাংক পিএলসির জেনারেল ম্যানেজার নুরুন নবী, সোনালী ব্যাংক বরিশাল অফিসের জেনারেল ম্যানেজার গোপাল চন্দ্র গোলদার, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সুপ্রভাত হালদার, শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, প্রক্টর ড.খোরশেদ আলম এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। অনুষ্ঠানে সোনালী ব্যাংক পিএলসি বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার ম্যানেজার ড. দীপু রানী ভৌমিকের সঞ্চালনায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধান, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সোনালী ব্যাংক পিএলসির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। চুক্তিসাক্ষর অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন সোনালী ব্যাংক পিএলসির সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মোঃ আফজাল করিমের নিকট বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ২টি বাস, শিক্ষার্থীদের জন্য সোনালী ব্যাংক গোল্ড মেডেল অ্যাওয়ার্ড প্রবর্তন এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি প্রবর্তনের দাবী করেন। এর প্রেক্ষিতে প্রধান অতিথি মহোদয় প্রতিটি বিষয়ই আন্তরিকতার সহিত দেখার আশ্বাস প্রদান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)